



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩৫৮ন

তারিখঃ ২১-০৩-২০১৬ খ্রি:

অফিস আদেশ

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পটি বর্তমান সরকারের অগ্রাধিকার প্রাপ্ত একটি দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন প্রকল্প। বিশেষভাবে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পভুক্ত কোন কোন উপজেলার কিছু সমিতি বা সমিতির সদস্যগণ প্রকল্প হতে বার বার ঋণ গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ না করে ইচ্ছাকৃতভাবে খেলাপী (মেয়াদোত্তীর্ণ) করেন এবং এটা তাদের স্বভাবে পরিণত হয়েছে। উক্ত সমিতি/ব্যক্তি দীর্ঘদিন যাবত খেলাপীর অর্থ পরিশোধ না করায় নতুন করে এই অর্থ ব্যবহার করার সুযোগ থাকেনা। ফলে একদিকে যেমন প্রকল্পের অনেক দরিদ্র ও যোগ্য মহিলা সদস্য প্রকল্পের ঋণ সুবিধা হতে বঞ্চিত হচ্ছেন অন্যদিকে প্রকল্পের কাজিত লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হচ্ছে। তাই মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে প্রকল্পভুক্ত কোন সমিতি/সমিতির সদস্য ঋণ গ্রহণের পর উহা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ না করে ১ বারের বেশি মেয়াদোত্তীর্ণ খেলাপী করলে অথবা ঋণ পরিশোধের ক্ষেত্রে ছলচাতুরীর আশ্রয় নিয়ে সরকারী অর্থ ব্যবহারে জটিলতা সৃষ্টি করলে, পুনরায় ঐ সব সমিতি/সমিতির সদস্যদেরকে ঋণ প্রদান করা যাবে না। প্রয়োজনে উক্ত সমিতি/ব্যক্তির সদস্যপদ বাতিল করতে হবে।

২। বর্ণিত সমিতি/সমিতির সদস্যদের মধ্যে পুনরায় ঋণ বিতরণ করা হলে অথবা নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। প্রয়োজনে দীর্ঘদিনের অনাদায়ী খেলাপী (মেয়াদোত্তীর্ণ) ঋণের অর্থ দায়ি কর্মকর্তা/কর্মচারীর বেতন-ভাতা হতে সমন্বয় করা হবে।



প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৩

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।